

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/

†

১৬ এপ্রিল ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে আলানিয়া আলাদিন কেকুবাৎ বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আলানিয়া আলাদিন কেকুবাৎ (Alanya Alaaddin Keykubat University) বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে গত ১৪ এপ্রিল ২০২৫ আলানিয়া আলাদিন কেকুবাৎ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির পক্ষে এ চুক্তিতে স্বাক্ষর করেন। অন্যদিকে আলানিয়া আলাদিন কেকুবাৎ বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেস্তুর অধ্যাপক ড. কেনান আহমেত।

অনুষ্ঠানে অন্যান্যের মাঝে নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান ও কো-অপারেশন সেন্টার এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, আলানিয়া আলাদিন কেকুবাৎ বিশ্ববিদ্যালয়ের ওজন ভাইস রেস্তুরসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, নোবিপ্রবি এবং আলানিয়া আলাদিন কেকুবাৎ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তির ফলে ইরাসমাস মোবিলিটি প্রোগ্রাম এর আওতায় কৃষি, ট্যুরিজম, বায়োটেকনোলজি, ফুড প্রসেসিং এবং রিনিউবল এনার্জি বিষয়ে ভবিষ্যতে দুই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এক্সচেঞ্জ, শিক্ষক-শিক্ষার্থী শিক্ষা ও যৌথ গবেষণা, কর্মকর্তাদের প্রশিক্ষণ ও টেকনিক্যাল কোলাবোরেশনের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪